

এমপিওভুক্তি নিয়ে সমালোচনা থামেনি

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিও ভুক্তি নিয়ে শিক্ষামন্ত্রীর মতো প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা ড. আলতাফুদ্দিন আহমেদের বিরুদ্ধে প্রায় একই অভিযোগ উঠেছে। বেশ কয়েকজন সংসদ সদস্য ও আওয়ামী লীগ নেতা শিক্ষা মন্ত্রণালয়ে এসে অভিযোগ করেছেন, এমপিওভুক্তি নিয়ে এবারও অনিয়ম হয়েছে। তারা বলেন, বিএনপি নেতা আব্দুল হাবিব মুরুর বাবার নামে গড়া লালমনিয়ারাটর একটি প্রতিষ্ঠান এমপিওভুক্ত করায় সমালোচিত হয়েছিলেন শিক্ষামন্ত্রী।

এমপিওভুক্তি নিয়ে

২০ পৃষ্ঠার পর
কিন্তু এবার একইভাবে। বিএনপি চেয়ারপার্সনের বিশেষ সহকারি এডভোকেট শামসুর রহমান শিমুল বিশ্বাসের দালাল নামে গড়া পাবনার একটি শিক্ষা প্রতিষ্ঠান আহমেদ আলী বিশ্বাস কলেজিয়েটে হাইস্কুল এমপিওভুক্ত হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, শিক্ষামন্ত্রী ১ হাজার ২২টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করেছেন। শিক্ষা উপদেষ্টা সেখান থেকে প্রায় একশ' শিক্ষা প্রতিষ্ঠান বাদ দিয়েছেন। নতুন যোগ করেছেন প্রায় সাড়ে ৫শ' শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষামন্ত্রী এমপিওভুক্তি নীতিমতায় প্রাপ্যতা মেনে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করেছেন। কিন্তু এবারে প্রাপ্যতার নীতিমালা না মেনে উপদেষ্টা সব জেলাকে সন্ধান শুরু করে দিয়েছেন। তিনি সংসদ সদস্যদের ডিও সেন্টারের ভিত্তিতে এমপিও দিয়েছেন। উল্লেখ্য, নীতিমালা প্রনয়ণের প্রধান দায়িত্বে ছিলেন শিক্ষা উপদেষ্টা। এমপি ভুক্তি শিক্ষামন্ত্রীর হাতে দেয়ার সময় একটি চিঠি দেয়া হয়। চিঠিতে উপদেষ্টা বলেন, নীতিমতায় জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্যতার বিষয়টি নীতিমতায় কুলবশত যোগ হয়েছে। তিনি নীতিমালা থেকে এ বিষয়টি বাদ দেয়ার পক্ষে মত দেন।

শিক্ষা মন্ত্রণালয়ে এসে সংসদ সদস্যরা বলেছেন, আমরা এবারও বঞ্চিত হয়েছি। যোগ্য প্রতিষ্ঠান এমপিওভুক্ত হইনি। শেরপুর-১ আসনের সংসদ সদস্য আতিউর রহমান শিক্ষা মন্ত্রণালয়ে এসে অভিযোগ করেছেন, জামরাতের বেড়া কামারজামানের নিজের পরিচালিত একটি প্রতিষ্ঠান এবার এমপিওভুক্ত হয়েছে। তিনি যে প্রতিষ্ঠানের জন্য ডিও সেন্টার নিয়েছেন সেটি হইনি। আওয়ামী লীগের সংসদ সদস্য আসমা জেরিন কুমু অভিযোগ করেছেন, লক্ষ্মীপুরে কবরতুর নামে গড়া একটি প্রতিষ্ঠানের জন্য তিনি ডিও সেন্টার দিয়েছেন। কিন্তু সে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত হইনি। নবদ্বীপের সংসদ সদস্য মুকুল মহল্লদের নিজের নামে একটি প্রতিষ্ঠান প্রথমবার এমপিওভুক্ত হয়েছিল। কিন্তু এবারে সেটি বাতিল করা হয়েছে। স্থানীয় জেলা জামরাত ইসলামীর আমীর অধ্যাপক শাহ আলম পরিচালিত ও প্রতিষ্ঠিত গলাচিপা আইডিয়াল কলেজ এবার এমপিওভুক্ত হয়েছে। বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রীর কাছে অভিযোগ জানিয়েছেন উপজেলা চেয়ারম্যান ও স্থানীয় আওয়ামী লীগ সভাপতি।